

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
মেডিকেল-১ শাখা
www.mhapsd.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.২৫৪.১১.০০৩.২৪-৩৭

তারিখ: ০৩ চৈত্র ১৪৩১
১৭ মার্চ ২০২৫

বিষয়ঃ কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, ঢাকার ‘সহকারী প্রোগ্রামার’ এর শূন্যপদ পূরণের জন্য ‘ছাড়পত্র’ প্রদান।

সূত্রঃ পুলিশ অধিদপ্তরের স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.১৬.০২২.২০২৪/১৪২(০২), তারিখ: ০৯/০২/২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, ঢাকার নিম্নবর্ণিত শূন্য পদে যোগ্য প্রার্থী নির্বাচন করে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে ‘ছাড়পত্র’ প্রদান করা হলোঃ

| নং | দপ্তরের নাম | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | ছাড়পত্রকৃত পদসংখ্যা |
|------|----------------|---|----------------------|
| ১ | পুলিশ অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, গ্রেড-৯, ২২০০০/-৫৩০৬০/- | ০১ (এক) |
| মোট= | | | ০১ (এক) |

শর্তসমূহ:

- উল্লিখিত পদপূরণের ক্ষেত্রে যদি আদালতের কোনো নিষেধাজ্ঞা থাকে, কোনো রিট/মামলা বিচারাধীন থাকে, কোনো মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে মাননীয় আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিদ্যমান বিধি-বিধান মোতাবেক শূন্যপদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ জানুয়ারি ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০.২২ নম্বর পরিপত্র অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- প্রাপ্ত প্রস্তাবে মঞ্জুরিকৃত ও শূন্যপদের সংখ্যায় কোনো গরমিল থাকার কারণে কোনো পদে অতিরিক্ত লোক নিয়োগ দেয়া হলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে;
- অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী নিজস্ব অনুমোদিত নিয়োগবিধি অনুসরণপূর্বক পদপূরণ করতে হবে;
- ছাড়পত্র প্রদানকৃত পদটি পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে;
- সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি সংশোধন সংক্রান্ত গত ২৩ জুলাই, ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ নম্বর পরিপত্র অনুসরণ করতে হবে;
- অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত পদ পূরণের পূর্বে হালনাগাদ সংরক্ষণ আদেশ সংগ্রহ করতে হবে; এবং
- উক্ত ছাড়কৃত পদ পূরণ করার ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে ১৫ কলামে তথ্যছকে সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা শূন্যপদ পূরণের তথ্য জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মেডিকেল-১ শাখায় প্রেরণ করবে। বর্ণিত তথ্যছক প্রাপ্তির পর জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক তা জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হবে।

স্বাঃ

মোঃ শফিকুল ইসলাম
সহকারী সচিব

ফোনঃ ০২-২২৩৩৫৪০৫০

E-mail: medical1@mhapsd.gov.bd


পুলিশ মহাপরিদর্শক
পুলিশ অধিদপ্তর, ঢাকা

স্মারক নং-৪৪.০০.০০০০.২৫৪.১১.০০৩.২৪-৩৭/১(৬)

তারিখ: ০৩ চৈত্র ১৪৩১
১৭ মার্চ ২০২৫

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক, কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব (মেডিকেল অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


১৭.৩.২৫
মোঃ শফিকুল ইসলাম
সহকারী সচিব